

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 30-10-2024  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) রাজ্য সরকারী কর্মচারীদের জন্য ৫ শতাংশ হারে ডিএ ঘোষণা করা হয়েছে ।
- (২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যের জনগণের মধ্যে বিশ্বাস ও নিরাপত্তার বাতাবরণ সৃষ্টিতে টিএসআর-এর ভূমিকার ভূয়সী প্রশংসা করেছেন ।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় গুজরাটের একতা নগরে বিভিন্ন পরিকাঠামোগত ও উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন ।
- (৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগামীকাল সন্ধ্যা ৬টায় মাতাবাড়ির ত্রিপুরা সুন্দরী মন্দির প্রাঙ্গণে তিনদিনব্যাপী দীপাবলীর উৎসব ও মেলায় উদ্বোধন করবেন ।

\*\*\*\*\*

**Cabinet. D.A :**

রাজ্য সরকার কর্মচারীদের জন্য ৫ শতাংশ হারে ডিএ মঞ্জুর করেছে। আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। মন্ত্রিসভার বৈঠকের পর আজ সন্ধ্যায় মহাকরনে সাংবাদিক সম্মেলনে পর্যটন, পরিবহন ও খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানান, আগামী পয়লা নভেম্বর থেকে এই ডি এ কার্যকর করা হবে। এরজন্য রাজ্য সরকারের বছরে অতিরিক্ত ৫০০ কোটি টাকা খরচ হবে। তিনি জানান, রাজ্য সরকারী কর্মচারী ছাড়াও পেনশনার,

ফিক্সড পে কর্মচারী, ডিআর ডব্লু কর্মীরাও এতে উপকৃত হবেন।  
শ্রী চৌধুরী জানান, রাজ্য সরকারী কর্মচারীরা পাবেন ৩০ শতাংশ  
হারে ডিএ।

\*\*\*\*\*

**Tourism Minister :**

পর্যটন ও খাদ্য মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ মহাকরনে জানিয়েছেন,  
উদয়পুরের মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরে কেন্দ্রীয় সরকারের প্রসাদ  
প্রকল্পে মন্দির সংকারের কাজ প্রায় শেষের পথে। ইতিমধ্যে ৯০  
শতাংশ কাজ সম্পন্ন হয়েছে। আগামী জানুয়ারী মাসে এই  
পরিকাঠামোর উদ্বোধন করার পরিকল্পনা রয়েছে বলে তিনি  
জানান। প্রায় ৫১ কোটি টাকা খরচ করা হবে বলে তিনি জানান।  
অন্য এক প্রশ্নের উত্তরে খাদ্য মন্ত্রী জানান, নিত্যপন্যের মূল্য  
নিয়ন্ত্রণে রাজ্য সরকারের তদারকী অব্যাহত রয়েছে।

\*\*\*\*\*

**CM-TSR :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যের জনগণের মধ্যে  
বিশ্বাস ও নিরাপত্তার বাতাবরণ সৃষ্টিতে ত্রিপুরা স্টেট রাইফেলস  
অর্থাৎ টিএসআর-এর ভূমিকার ভূয়সী প্রশংসা করেছেন। আজ  
মান্দাইয়ের বিনন কোবরা পাড়ায় টিএসআর-এর দ্বিতীয় বাহিনীর  
পোস্ট পরিদর্শন ও দিপাবলী উৎসব উদযাপনে অংশ নিয়ে তিনি  
বলেন, টিএসআর এর মূল লক্ষ্য হচ্ছে বীরতা ও বন্ধুত্ব। আইন  
শৃঙ্খলা রক্ষার জন্য টিএসআর তৈরী হলেও এখন বিভিন্ন কাজে  
তারা যুক্ত।

সন্ত্রাসবাদী কার্যকলাপ মোকাবিলা ছাড়াও, বর্তমানে টিএসআর  
বাহিনী বিপর্যয় মোকাবিলা, শিল্প নিরাপত্তা, ভিআইপি নিরাপত্তা  
এবং নেশাবিরোধী অভিযানের সঙ্গে যুক্ত থেকে দায়িত্ব পালন  
করছে। রাজ্যের শিল্প এলাকার নিরাপত্তার সাথে সাথে

টিএনজিসিএল এবং নীপকোতে টিএসআর বাহিনী দায়িত্ব পালন করছে। ভারত সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের চাহিদা অনুসারে দিল্লীতে পার্লামেন্ট স্ট্রিট সহ বিভিন্ন দূতাবাস এলাকায় টিএসআর জওয়ানরা নিয়োজিত রয়েছেন। বিভিন্ন রাজ্যের নির্বাচনের সময়ে টিএসআর বাহিনীকে নিযুক্ত করা হচ্ছে এবং তাদের দক্ষতার সাথে দায়িত্ব পালনের ফলে রাজ্যের সুনাম অর্জিত হচ্ছে। সম্প্রতি ত্রিপুরায় যে বন্যা হয়েছে সেখানে বন্যার্তদের উদ্ধার ও ত্রাণের কাজে টিএসআর জওয়ানদের ভূমিকা ছিল উল্লেখযোগ্য। মুখ্যমন্ত্রী বলেন,

#####Byte#####

অনুষ্ঠানে টি.এস.আর জওয়ানদের দীপাবলীর শুভেচ্ছা জানিয়ে মুখ্যমন্ত্রী ঘোষণা করেন, টিএসআর জওয়ানদের রেশনবাবদ অর্থ ১ হাজার টাকা থেকে বাড়িয়ে ২ হাজার টাকা করা হবে। সব র্যাক্সের জওয়ানদের জন্য পোশাক ভাতা ১০ হাজার টাকা থেকে বাড়িয়ে ১২ হাজার টাকা, প্রত্যেক ব্যাটেলিয়ানে জিমনাসিয়াম স্থাপনের জন্য ৫ লক্ষ টাকা করে প্রদান করা হবে।

টিএসআর ব্যাটেলিয়ানে সেবা দিতে ইচ্ছুক মেডিক্যাল অফিসারের সাম্মানিক বর্ধিত করে মাসিক ৬০ হাজার টাকা ও অ্যাডহক ভিত্তিতে ২৪০ জন জওয়ানের পদোন্নতির ব্যবস্থা করা হবে। টিএসআর চৌকি এবং ব্যারাকের মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য ৫ কোটি টাকা বরাদ্দ করার কথাও ঘোষণা করেন মুখ্যমন্ত্রী।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, টিএসআর দ্বিতীয় ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট নারায়ণ রায় চৌধুরী ও পুলিশের অতিরিক্ত মহানির্দেশক জি এস রাও।

\*\*\*\*\*

## **Tuberculosis :**

রাজ্যের টিবি রোগীদের চিকিৎসা চলাকালীন পুষ্টির খাদ্যের জন্য প্রতিমাসে বরাদ্দ ৫০০ টাকা থেকে বেড়ে হয়েছে এক হাজার

টাকা। আগামী মাস থেকে এই অর্থ সরাসরি তাদের ব্যাঙ্ক একাউন্টে পাঠিয়ে দেওয়া হবে। জাতীয় যক্ষ্মা নির্মূলিকরণ কর্মসূচির স্টেট নোডাল অফিসার তথা এনএইচএম এর সদস্য সচিব ডাক্তার নূপুর দেববর্মা আজ আকাশবাণীর প্রতিনিধিকে একথা জানিয়েছেন। তিনি জানান, কেন্দ্রীয় সরকার নিষ্কয় পোষন যোজনায এই অর্থরাশি প্রদান করছে। এছাড়া রাজ্য সরকারও টিবি রোগীর চিকিৎসার জন্য এককালীন নয়শ টাকা প্রদান করছে। বর্তমানে রাজ্যে ১৮৪৯ জন টিবি রোগীর চিকিৎসা চলছে। ২টি মেডিকেল কলেজ, ৭টি জেলা হাসপাতাল, ১৫টি মহকুমা হাসপাতাল, ১২০টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র, ১০০৯টি উপস্বাস্থ্য কেন্দ্র, ২১টি সিএইচসি থেকে বিনামূল্যে ঔষধ ও চিকিৎসার সমস্ত সুবিধা পরিষেবা পাচ্ছে টিবি আক্রান্ত রোগীরা। তিনি জানান, রাজ্য সরকার ২০২৫ সালের মধ্যে টিবি মুক্ত ত্রিপুরা গড়ার লক্ষ্যে কাজ করছে।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ও ফেসবুক প্লাটফর্মে-এ এ আই আর নিউজ-এলার্টস। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল।

এছাড়া, সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **PM, Gujarat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় গুজরাটের একতা নগরে বিভিন্ন পরিকাঠামোগত ও উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

আজ চালু করা প্রকল্পগুলির লক্ষ্য হল পর্যটন অভিজ্ঞতা উন্নত করা এবং এই এলাকায় সুস্থায়ী উদ্যোগকে সমর্থন করা। একতা নগরে বনসাই বাগান, পয়ঃনিষ্কাশন প্রকল্প, সদর ও উপ-জেলা হাসপাতালের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। ২২ কোটি টাকা ব্যয়ে নির্মিত ৫০ শয্যা বিশিষ্ট নবনির্মিত উপ-জেলা হাসপাতাল নাগরিকদের প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদান করবে। প্রধানমন্ত্রী আরম্ভ ষষ্ঠ পর্বে, ৯৯তম কমন ফাউন্ডেশন কোর্সের ৬৫৩ জন অফিসার প্রশিক্ষণার্থীদের সামনে ভাষণ দেন।

\*\*\*\*\*

#### **Diwali-Matabari :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগামীকাল সন্ধ্যা ৬টায় মাতাবাড়ির ত্রিপুরা সুন্দরী মন্দির প্রাঙ্গণে তিনদিনব্যাপী দীপাবলী উৎসব ও মেলার উদ্বোধন করবেন। একইসঙ্গে তিনি প্রদর্শনী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের সূচনা করবেন। আজ ত্রিপুরা সুন্দরী মন্দির প্রাঙ্গণে আয়োজিত সাংবাদিক সন্মেলনে দীপাবলী মেলা কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক অভিষেক দেবরায় এই তথ্য জানান। তিনি জানান, মাতাবাড়ির ত্রিপুরা সুন্দরী মন্দির। ইতিমধ্যে মন্দির প্রাঙ্গণ আলোক মালায় সাজিয়ে তোলা হয়েছে। ৬৩৯ জনেরও বেশি ব্যবসায়ী এই মেলায় তাদের পসরা নিয়ে বসার প্রস্তুতি নিচ্ছেন। মেলায় ধন্য মানিক্য মুক্ত মঞ্চে একটানা ৪৭ ঘন্টা ধরে সাংস্কৃতিক অনুষ্ঠান চলবে। এবছর মাতাবাড়িতে দীপাবলী উৎসবে প্রায় ৯ লক্ষ পুণ্যার্থীর সমাগম হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

সাংবাদিক সম্মেলনে জেলা পুলিশ সুপার নামিত পাঠক জানিয়েছেন, এই মেলাকে কেন্দ্র করে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে। ১৭টি সি সি টি ভি ক্যামেরা লাগানো হয়েছে।

সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন গোমতি জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শিল্পী দাস, জেলা শাসক তড়িৎ কান্তি চাকমা প্রমুখ।

\*\*\*\*\*

#### **Diwali-CM :**

দীপাবলি উৎসব উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, 'আলোর উৎসব দীপাবলি আমাদের চিরন্তন ঐতিহ্যের প্রতীক। দীপাবলির আলোকশিখা জীবনের সমস্ত দুঃখ যন্ত্রণাকে দূর করে আলোকিত করে তুলুক এটাই আমাদের প্রার্থনা। মুখ্যমন্ত্রী দীপাবলির আলোর উৎসবে রাজ্যবাসীর সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করেছেন।

\*\*\*\*\*

#### **Ekata Diwas :**

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা আজ ২০২৪ সালের বিশ্ব একতা দিবসের প্রাক্কালে নতুনদিল্লিতে একতার শপথ গ্রহণ করেন। স্বাস্থ্য প্রতিমন্ত্রী প্রতাপরাও যাদব, স্বাস্থ্য সচিব পুণ্য সলিলা শ্রীবাস্তব এবং ঊর্ধ্বতন কর্মকর্তারাও শপথ নেন। অনুষ্ঠানে শ্রী নাড্ডা বলেন যে এক ভারত শ্রেষ্ঠ ভারতের ভিত্তি সর্দার বল্লভভাই প্যাটেল দ্বারা স্থাপিত হয়েছিল।

\*\*\*\*\*

#### **Diwali-Khowai :**

খোয়াইতে স্থানীয় এভারগ্রীন ক্লাব সুভাষ পার্ক কালী বাড়িতে শ্যামা মায়ের পূজা ও তিন দিনব্যাপী দীপাবলি উৎসবের আয়োজন করেছে। এছাড়াও বিশ্ব শান্তির জন্য শ্রী শ্রী চণ্ডী মহাযজ্ঞ ও শিবের অভিষেকের আয়োজন করেছে।

অন্যদিকে খোয়াই মহকুমার লাল ছড়া মহা শ্মশান ঘাট, খোয়াই থানা, দুর্গানগর কালিবাড়ি, সুভাষ পার্ক ফাঁড়ি থানা, চম্পাহাওর থানা থেকে শুরু করে বিভিন্ন ক্লাব ও সামাজিক সংগঠন শ্যামা মায়ের পূজোর আয়োজন করেছে। দীপাবলি উৎসব উপলক্ষে নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে বলে জানিয়েছেন খোয়াই থানার ওসি সুবীর মালাকার।

\*\*\*\*\*

#### **All Party Meeting :**

২০২৫ সালের পয়লা জানুয়ারিকে ভিত্তি তারিখ ধরে সচিত্র ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধনী বিষয়ে আজ কৈলাশহরে এক সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। কৈলাশহরের D.M কনফারেন্স হলে অনুষ্ঠিত এই বৈঠকে পৌরহিত্য করেন, ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা। উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা শাসক এল, দারলং, সিনিয়র ডেপুটি ম্যাজিস্ট্রেট বিজয় সিনহা প্রমুখ। এখানে B.J.P, কংগ্রেস, C.P.I (M) ও তিপরা মথা দলের প্রতিনিধিরা অংশ নেন। বৈঠকে খসড়া ভোটার তালিকার উপর দাবি-আপত্তি জানানোর সময়সূচি সহ আনুষঙ্গিক বিষয়, নির্বাচন কমিশনের নির্দেশিকা সম্পর্কে অবহিত করা হয়। উল্লেখ্য, ঊনকোটি জেলার চারটি বিধানসভা ক্ষেত্রে খসড়া ভোটার তালিকা অনুসারে মোট ভোটারের সংখ্যা ১ লক্ষ ৯৪ হাজার ৮৪৮ জন। সার্ভিস ভোটার রয়েছেন, ৪৪৩ জন। বৈঠক শেষে জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা জানান, সচিত্র ভোটার

তালিকা যথাযথ ও ক্রটি মুক্ত করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়েছে।

\*\*\*\*\*

#### **MY BHARAT-South, North :**

ভারত সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের মাই ভারত পোর্টালের বর্ষপূর্তি উপলক্ষ্যে আজ সাব্রুম মাইকেল মধুসূদন দত্ত কলেজের জাতীয় সেবা প্রকল্প ও সাব্রুম বাজার কমিটির উদ্যোগে সাব্রুমের অটোস্ট্যান্ড, দৈত্যেশ্বরী কালী মন্দির, সজ্জি ও মাছের বাজার সাফাই অভিযান করা হয়।

এদিকে, উত্তর জেলার কদমতলা বাজার প্রাঙ্গণে এক মেগা সাফাই অভিযান করা হয় নেহেরু যুব কেন্দ্রের উদ্যোগে। এই কর্মসূচিতে সামিল হন কদমতলা এলাকার বাজার কমিটি, বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, এন এস এস ইউনিট, বিভিন্ন সংস্থার সদস্যরা। তাছাড়াও DIWALI WITH MY BHARAT-এর অঙ্গ হিসাবে পাইওনিয়ার ইউথ ক্লাব এর মাধ্যমে বড়গুলা এলাকায় ট্রাফিক নিয়ন্ত্রণ এর উপর সচেতনতা কর্মসূচি অনুষ্ঠিত হয়। কদমতলা হাসপাতালে রোগীদের মধ্যে স্বাস্থ্য সচেতনতা কর্মসূচির আয়োজন করা হয়। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি অপর্ণা নাথ, কদমতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মিহির রঞ্জন নাথ।

\*\*\*\*\*

#### **NDRF :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন আজ বলেছেন যে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী, এনডিআরএফ গত এক বছরে ৯০০টিরও বেশি উদ্ধার অভিযানে সফলভাবে নেতৃত্ব দিয়েছে এবং তিন হাজারেরও বেশি মানুষকে বাঁচিয়েছে। নতুনদিল্লিতে শহীদ স্মৃতি সমারোহ উপলক্ষে শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে গিয়ে তিনি একথা বলেন। তিনি আরও বলেন যে এনডিআরএফ নাগরিকদের



জন্য নির্ভরতা এবং বিশ্বাসের প্রতীক হয়ে উঠেছে। স্বরাষ্ট্র সচিব উত্তরাখণ্ড, ওয়ানাদ, অন্ধ্রপ্রদেশ এবং সিকিমে জরুরি অবস্থার সময় এনডিআরএফ-এর সাহসিকতা এবং সক্রিয়তার উল্লেখ করেছেন। শ্রী মোহন বলেন, দেশ চিরকাল শহীদদের বীরত্ব ও অঙ্গীকারকে স্মরণ করবে।

\*\*\*\*\*

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায় বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন চব্বিশ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস। উত্তর আসামের উপর ঘূর্ণাবর্তার কারণে রাজ্যের আবহাওয়ায় এই পরিবর্তন।

\*\*\*\*\*